

পরিবেশ বাঁচানোর লক্ষ্যে

কাজ করে চলেছে নাকালীপাড়ার ধর্মীয় স্বেচ্ছাসেবী সংস্থা



সি.এন.এ : "দূষণ সত্ত্বেও" উপলক্ষে পরিবেশ বাঁচানোর লক্ষ্যে নদীয়া জেলার নাকালীপাড়ার স্বেচ্ছাসেবী সংগঠন। নদীয়া জেলার নাকালীপাড়ার স্বেচ্ছাসেবী সংগঠন নদীয়া শিবপুর সাই সর্গসক সমিতি" গ্রন্থ পরিমাণে কৃষকদের করলেন নদীয়ার বিভিন্ন স্থানে। শুধু তাই নয়, বরং ফল কৃষকের চারা বিতরণ করলেন সাইবাবার ভক্ত ও সাধনে মানুষের মধ্যে। এই সংস্থা শারা বছর ধরে পরিবেশকে দূষণমুক্ত করার কাজ করে চলেছে। সেওহাল লিখন, হ্যান্ডবিল প্রকাশ ও জৈব সার বিতরণ সেমিনারের আয়োজন এর মধ্য দিয়ে সাধারণ মানুষকে পরিবেশ রক্ষার দিকে এগিয়ে নিয়ে চলেছে। এই সংস্থা কৃষকদের একটি দল তৈরী করে কৃষকদের মধ্যে ব্যাপকভাবে জৈবসারের ব্যবহার নিয়ে প্রচার চালিয়ে যাচ্ছে। এই সংস্থা এবং জৈবসারের ব্যবহার উপলক্ষে একটি সেমিনারে মোহনপুর বিধান সভায় কৃষি বিশ্ববিদ্যালয়ের শস্য বিজ্ঞান বিভাগের বিভাগ ডঃ কৌশিক ব্রহ্মচারী ও উদ্ভিদ রোগ নির্মাতক বিভাগের বিভাগ ডঃ বীরেন্দ্র পোজা কে নিয়ে এনে কয়েকশো গ্রামাচারীদের সাথে নিয়ে একবিশাল সেমিনারের আয়োজন করে। শুধু সেমিনারই নয় উপস্থিত চাষীদের পরিবেশমুখী কৃষিকার্যে এগিয়ে আসার জন্য বিভিন্ন বরম উপহার সামগ্রী কৃষিবিজ্ঞানীদের হাত দিয়ে কৃষকদের হাতে তুলে দেন এবং পরিবেশমুখী চাষে অংশ গ্রহণ করার আহ্বান জানান। এই সংস্থার এই ধরনের মহান কর্মকাণ্ডের জন্য ধনঞ্জয়পুর অঞ্চলের প্রধান শ্রীমতি সুভাষা হালদার এই সংস্থাকে ধন্যবাদ জানান। এছাড়াও গ্রামীণ সাধারণ মানুষ ও কৃষকরা এই সংস্থার কাজে খুব দুশী। ধর্মীয় সংস্থা হলেও এই ধরনের কাজ করার ব্যাপারে সংস্থার কর্তব্য শ্রী অত্যন্ত জোয়ার্ধরকতে জিগাস করা হলে উনি বলেন, "আমি একজন কৃষক, আগে পরিবেশ ও এই পৃথিবীকে রক্ষা করতে হবে। পরিবেশ ও পৃথিবী বেঁচে থাকলে আমরা বেঁচে থাকবো। তবেই আমাদের পক্ষে কর্ম করা সম্ভব হবে।"

NADIA SHIBPUR SAI SADGURU SAMITY

